যিহূদার পত্র

1 আমি যিহূদা, যীশু খ্রীষ্টের দাস এবং যাকোবের ভাই, এই চিঠি
তাদের উদ্দেশ্যে লিখছি যাদের ঈশ্বর আহ্বান করেছেন৷
পিতা ঈশ্বর তোমাদের ভালোবাসেন এবং যীশু খ্রীষ্টের দ্বারা
তোমাদের রক্ষা করেন৷
2 ঈশ্বর তাঁর দয়া, শান্তি এবং প্রেম আরো অধিক পরিমাণে
তোমাদের জীবনে দান করুন৷

অধার্মিক লোকদের ঈশ্বর শাস্তি দেবেন

3 প্রিয় বন্ধুরা, আমাদের সকলের জন্য যে পরিত্রাণের ব্যবস্থা
রয়েছে তারই বিষয়ে আমি তোমাদের কিছু লিখতে আগ্রহী ছিলাম৷
কিন্তু তবু একবার যে বিশ্বাস তোমরা লাভ করেছ, বা চিরদিনের জন্য
উত্তম, যা ঈশ্বর তাঁর পবিত্র লোকদের দিয়েছেন, তার পক্ষে যেন
তোমরা প্রাণপণে যুদ্ধ কর সেই বিষয়ে উৎসাহ দেবার জন্য তোমাদের
কাছে লেখা দরকার বলে আমি মনে করলাম৷
4 কারণ এমন কিছু লোক গোপনে তোমাদের দলে ঢুকে পড়েছে
যাদের সম্বন্ধে বহুপূর্বেই শাস্ত্রে দণ্ডাজ্ঞার কথা লেখা হয়েছে৷ এই
অধার্মিক লোকরা ঈশ্বরের অনুগ্রহকে তাদের অনৈতিক কাজকর্মের
অজুহাতে পরিণত করেছে; আর যীশু খ্রীষ্ট যে আমাদের একমাত্র কর্তা
ও প্রভু তা এরা অস্বীকার করে৷
5 আমি তোমাদের কিছু কথা স্মরণ করিয়ে দিতে চাই, যদিও তোমরা
সকলেই এসব বিষয় জান৷ তবু বলব প্রভু মিশর দেশ থেকে তাঁর
প্রজাদের উদ্ধার করে পরে যারা অবিশ্বাসী তাদের সকলকে ধ্বংস
করেছিলেন৷
6 আমি তোমাদের স্মরণ করিয়ে দিতে চাই, যে সেই স্বর্গদূতরা
যারা নিজেদের আধিপত্য রক্ষা না করে নিজ বাসস্থান ত্যাগ করেছিল,

তাদের তিনি (ঈশ্বর) ঘোর অন্ধকার কারাগারে অনন্তকালীন শেকলে
বেঁধে রেখেছেন আর মহাবিচারের দিনে তাদের বিচার করা হবে৷
7 সদোম, ঘমোরা ও তাদের আশেপাশের নগরগুলির কথা ভুলে
যেও না৷ এই স্বর্গদূতদের মতো তারাও নীতিহীন যৌনতায় প্রবৃত্ত হত
এবং অস্বাভাবিক যৌনসংসর্গে লিপ্ত হত৷ অনন্ত আগুনে শাস্তি ভোগ
করে তারা আমাদের সামনে দৃষ্টান্তস্বরূপ হয়ে রয়েছে৷
8 একইভাবে এই লোকরা, যারা তোমাদের দলে এসেছে, তারা
নিজেদের স্বপ্ন দ্বারা চালিত হয় এবং নিজেদের দেহকে পাপে কলুষিত
করে৷ তারা প্রভুর কর্তৃত্ব (নিয়ম) অগ্রাহ্য করে আর যারা সম্মানীয়
ব্যক্তি তাদের নিন্দা করে৷
9 কিন্তু প্রধান স্বর্গদূত মীখায়েলের কথা আমরা জানি, যখন তিনি
মোশির দেহ নিয়ে দিয়াবলের সঙ্গে তর্ক করছিলেন তখন তিনি
দিয়াবলকে কোন কটু কথা বলতে সাহস করেন নি, তার পরিবর্তে
শুধু বলেছিলেন, "প্রভু তোমাকে তিরস্কার করুন৷"
10 কিন্তু এই লোকরা যে সব বিষয় বোঝে না তারই নিন্দা করে;
আর চিন্তা দ্বারা নয় বরং তাদের স্বাভাবিক অনুভূতির দ্বারা যা বোঝে,
যুক্তিবিহীন পশুদের মত তাই করে নিজেদের ধ্বংস ডেকে আনে৷
11 তাদের ধিক্, কারণ কয়িন যে পথে গিয়েছিল তারাও সেই পথ
ধরেছে৷ তারা বিলিয়মের মতো টাকার লোভে ভ্রান্ত পথে চলেছে৷ আর
কোরহের মতো বিদ্রোহী হয়ে ধ্বংসের পথে চলেছে৷
12 এইসব লোকরা তোমাদের প্রেমভোজে ময়লা দাগের মতো৷
কোন ভয় না করে তারা তোমাদের সঙ্গে ভোজ খায় এবং কেবল
নিজেদের কথাই ভাবে৷ তারা হাওয়ায় ভেসে যাওয়া বৃষ্টিহীন মেঘের
মতো, ফলনের ঋতুতে ফলহীন বলে শেকড় সমেত উপড়ে ফেলা
গাছের মতো; সুতরাং তারা দুই বার মৃত৷
13 তাদের লজ্জাজনক কাজ উত্তাল সমুদ্রে তৈরী ছড়িয়ে যাওয়া
ফেনার মতো৷ ঐ লোকগুলি আকাশে ইতস্ততঃ ভ্রমণরত তারার মতো৷
ঘনতম অন্ধকারের মধ্যে তাদের জন্য এক অনন্তকালীন স্থান রয়েছে৷
14 আদমের থেকে সপ্তম পুরুষ যে হনোক, তিনিও এই লোকদের
সম্বন্ধে ভাববাণী করেছেন: "দেখ তাঁর লক্ষ লক্ষ পবিত্র স্বর্গদূতদের

সঙ্গে নিয়ে প্রভু আসছেন৷

15 তিনি সকলের বিচার করার জন্য এবং সকলকে তাদের কৃত
সকল অধার্মিক কাজকর্মের জন্য শাস্তি দিতে আসছেন৷ এইসব
অধার্মিক পাপী তাঁর বিরুদ্ধে যত সব উদ্ধত কথাবার্তা বলেছে সেই
কারণে তাদের দোষী ঘোষণা করার জন্য আসছেন৷"

16 তারা সব সময় অভিযোগ ও নিন্দা করে, তাদের নিজেদের
অভিলাষ অনুসারে চলে৷ নিজেদের বিষয়ে গর্ব করে এবং লাভের
আশায় তারা অন্যদের তোষামোদ করে৷

একটি সতর্কবাণী ও কিছু কাজের কথা

17 প্রিয় বন্ধুরা, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের প্রেরিতরা যা বলে গেছেন
তা মনে রেখো৷

18 তাঁরা তো তোমাদের বলতেন, "শেষের সময় এমন সব
উপহাসকরা আসবে যারা নিজেদের ইচ্ছানুযায়ী ঈশ্বর-বিরুদ্ধ কাজ
করবে৷"

19 এই লোকরাই তোমাদের মধ্যে বিভেদ সৃষ্টি করে৷ তারা তাদের
পাপ প্রবৃত্তির দাস৷ তাদের সেই আত্মা নেই৷

20 কিন্তু প্রিয় বন্ধু, তোমরা নিজেদের পরম পবিত্র বিশ্বাসের ওপর
গেঁথে তোল৷ পবিত্র আত্মাতে প্রার্থনা কর৷

21 নিজেদের ঈশ্বরের প্রেমে রাখ; আর অনন্ত জীবনের জন্য
আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দয়া লাভের অপেক্ষায় থাক৷

22 যাদের মনে সন্দেহ আছে, এমন লোকদের সাহায্য কর৷

23 নরকের আগুন থেকে ছিনিয়ে নিয়ে তাদের পরিত্রাণ দ্বারা রক্ষা
কর৷ অন্যদের প্রতি সতর্কভাবে করুণা প্রদর্শন কর; কিন্তু পাপের দ্বারা
কলঙ্কিত তাদের বস্ত্রকে ঘৃণা কর৷

ঈশ্বরের প্রশংসা কর

24 ঈশ্বর শক্তিশালী, তিনি তোমাদের পড়ে যাওয়া থেকে রক্ষা
করবেন আর নিজের মহিমার সামনে নির্দোষ অবস্থায় আনন্দের সঙ্গে
তোমাদের উপস্থিত করতে তিনি সক্ষম৷

25 তিনিই একমাত্র ঈশ্বর, আমাদের উদ্ধারকর্তা৷ আমাদের প্রভু যীশু
খ্রীষ্টের দ্বারা তাঁরই প্রতাপ, মহিমা, পরাক্রম ও কর্তৃত্ব যুগপর্যায়ে যুগে
যুগে অবিচল থাকুক্৷ আমেন৷

পবিত্র বাইবেল
Bengali Holy Bible: Easy-to-Read Version™
পবিত্র বাইবেল

copyright © 2001-2006 World Bible Translation Center

Language: বাংলা (Bengali)

Translation by: World Bible Translation Center

This copyrighted material may be quoted up to 1000 verses without written permission. However, the extent of quotation must not comprise a complete book nor should it amount to more than 50% of the work in which it is quoted. This copyright notice must appear on the title or copyright page:
Bengali Holy Bible: Easy-to-Read Version™ Taken from the Bengali HOLY BIBLE: EASY-TO-READ VERSION™ © 2007 by World Bible Translation Center, Inc. and used by permission.
When quotations from the ERV are used in non-saleable media, such as church bulletins, orders of service, posters, transparencies or similar media, a complete copyright notice is not required, but the initials (ERV) must appear at the end of each quotation.
Requests for permission to use quotations or reprints in excess of 1000 verses or more than 50% of the work in which they are quoted, or other permission requests, must be directed to and approved in writing by World Bible Translation Center, Inc.
Address: World Bible Translation Center, Inc. P.O. Box 820648 Fort Worth, Texas 76182
Email: bibles@wbtc.com Web: www.wbtc.com
Free Downloads Download free electronic copies of World Bible Translation Center□s Bibles and New Testaments at: www.wbtc.org

2013-10-15

PDF generated using Haiola and XeLaTeX on 13 Jun 2025 from source files dated 31 Aug 2023
c0921fcb-8034-56ec-b69f-8fc98462f966